"Working Today To Shine Tomorrow"
BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএ ঃ৭০০/ছুটি/২০২৫/৬৪০৪
০৪ সেপ্টেম্বর, ২০২৫ইং

# সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয় ঃ কারখানাতে আসন্ন পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে ছুটি ঘোষণা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক২৮আগষ্ট২০২৫ইং তারিখের প্রকাশিত প্রজ্ঞাপনে (স্মারক নং: ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.৩০৭) ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে আগামী ০৬ সেপ্টেম্বর'২৫ সকল সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারী অফিস সাধারন ছুটি ঘোষণা করেছে।

উক্ত প্রজ্ঞাপনে যেহেতু বেসরকারী কোন শিল্প কারখানার ছুটির বিষয়ে উল্লেখ নেই, তাই প্রকাশিত প্রজ্ঞাপনটি বেসরকারী কোন শিল্প কারখানার ক্ষেত্রে প্রযোজ্য নয়।

নীট কারখানাসমূহ বেসরকারী শিল্পকারখানা হিসেবে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ মোতাবেক বছরের শুরুতেই উৎসব ছুটি নির্ধারন করে থাকে। তারপরেও সরকার কর্তৃক প্রকাশিত উক্ত প্রজ্ঞাপন নিয়ে শিল্প মালিকদের মাঝে একটি দ্বিধার সৃষ্টি হয়েছে। তাই আপনার অবগতির জন্য শ্রম আইন ও শ্রম বিধিমালার সংশ্লিষ্ঠ বিধান নিম্নে উল্লেখ করা হলো;

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা-১১৮। উৎসব ছুটি।-(১) প্রত্যেক শ্রমিককে প্রতি পঞ্জিকা বৎসরে এগার দিনের মজুরী সহ উৎসব ছুটি মঞ্জুর করতে হবে। (২) বিধি দ্বারা নির্ধারিত ভাবে মালিক উক্ত ছুটির দিন ও তারিখ স্থির করবেন।

বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০২৫ এর বিধি-১১০। উৎসব ছুটি।-(১) প্রত্যেক মালিক তার প্রতিষ্ঠানের যৌথ দরকষাকষি প্রতিনিধির (যদি থাকে) সহিত আলোচনাক্রমে প্রতি বৎসর ৩১ ডিসেম্বরের মধ্যে পরবর্তী বৎসরের উৎসব ছুটি নির্ধারণ করবেন, যা ১১ (এগার) দিনের কম হবে না। (২) মালিক উক্ত ছুটির তালিকা প্রতিষ্ঠানের সকল শ্রমিকের জ্ঞাতার্থে নোটিশ বোর্ডে লটকাইয়া রাখবেন এবং উহার একটি কপি সংশ্লিট পরিদর্শকের নিকট প্রেরণ করবেন। (৩) যৌথ দরকষাকষি প্রতিনিধি না থাকলে মালিক বিষয়টি অংশগ্রহণকারী কমিটিতে আলোচনাক্রমে উক্ত কমিটির সুপারিশ অনুযায়ী উৎসব ছুটি নির্ধারণ করবেন। (৪) কোন প্রতিষ্ঠানে যৌথ দরকষাকষি প্রতিনিধি বা অংশগ্রহণকারী কমিটি কোনটিই না থাকলে মালিক যতদূর সম্ভব শ্রমিকদের সহিত আলোচনাক্রমে উক্ত ছুটি নির্ধারণ করবেন।

আতএব, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ এর বিধান মোতাবেক নির্ধারণকৃত ছুটির তালিকা মোতাবেক শ্রমিকদের উৎসব ছুটি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে

মোঃ মাহবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)

**Head Office :** BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.
**Phone :** 02224437646, **E-mail :** info@bkmea.com
**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.
**Phone :** 223362257, E-mail : info@bkmea.com
**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.
**Phone :** 02 333324342, E-mail : bkmeactg@bbts.net, **Web :** www.bkmea.com